

সংসার

ড. শামস্ রহমান

থলেটা মেয়ের।
নক্সি কাঁথার নক্সায় দেখতে বেশ।
কেশ ভরা কাঁধে, ওকে মানাবে ভাল।
দেখ!

আর ঐ লাল-সবুজে জামা?
ওটা দূরন্ত ছেলের।
ক্রমশ ছোট্ট হয়ে আসা এ বিশ্বে;
পূর্ব পুরুষের প্রতিক হয়েই থাকবে সে।
দেখ!

থলের ভিতর লোহার গালায়,
আর কৃষ্ণ-পাথরে ঘেরা বালাটা?
ওটা তোমার।
পাথরের রঙের তাঁতের সাথে,
মানাবে তোমায় অপূর্ব;
শুভ্র সাঁঝের বেলা।
দেখ!

ঝিকিঝিকি ঐ মোড়কে দেখ!
আছে রূপার ধাঁচে, মেয়ের আঁচে;
ছোট্ট দুটি জড় কন্যা।
লালটা মেয়ের, গোলাপীটা তোমার।
দিলে মুঠো ফোনে জুড়ে,
যোগাযোগের প্রযুক্তি থেকে রূপ নেবে তা অলংকারে।
দেখ!

আরও আছে। দেখ!
তোমার সেই প্রিয় জেন। অস্টিন নয়,
এখন বাংলাদেশেই মেলে-
এলোমেলো বাজারের কোলাহলে।
সেলোটোপে এখনো তা মোড়া, এখনো আনকোরা।
যেমনি আমার ভিক্টোরিয়ান অনুভূতি,
তোমার প্রতি ॥

পহেলা অক্টোবর, ২০০৯